

এবিএলিটি এনহ্যান্সমেন্ট কম্পালসারী কোর্স - ২
বি.এ. / বি.এস.সি. / বি.কম. ২য় সেমিস্টার

পরিবেশবিদ্যা

নমুনা প্রকল্প ৩:

প্রকল্পের নাম: একটি দূষিত অঞ্চলে ভ্রমণ ও সমীক্ষা

ডঃ রাজর্ষি মিত্র
বিভাগীয় প্রধান, পরিবেশ বিজ্ঞান বিভাগ
বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর

একটি দূষিত অঞ্চলে ভ্রমণ ও সমীক্ষা

ভূমিকা:

মানব সভ্যতার অগ্রগতির সাথে সাথে প্রাকৃতিক সম্পদের বহুল ব্যবহার পরিবেশকে দূষিত করে তুলছে। কঠিন বর্জ্য, কলকারখানার এবং গড়ীর ধোঁয়া ও ময়লা জল পারিপার্শ্বিক অঞ্চলের সামগ্রিক পরিবেশ দূষিত করে। তবে শুধুমাত্র যে কলকারখানা, শিল্প বা নাগরিক বর্জ্যপদার্থই দূষনের জন্য দায়ী তা নয়, বরং আমাদের বাড়ীর চারপাশেও আমাদের-ই ফেলেদেওয়া তরল বা কঠিন বর্জ্য আঞ্চলিক পরিবেশ দূষনের প্রধান কারণ। বছর বছর ধরে কোনো একটি নির্দিষ্ট অঞ্চলে দূষক পদার্থের উপস্থিতি সেই অঞ্চলের মাটি বা জলের সামগ্রিক পরিবর্তন ঘটায়। এই প্রকার দূষণ যে কেবল মাত্র শিল্পাঞ্চল বা শহরের বাজার বা ব্যস্ত অংশেই হয় তা নয়, বরং আমাদের নিজেদের বাড়ীর আশেপাশে অর্থাৎ স্থানীয়ভাবেও এই প্রকার দূষিত অঞ্চলের উপস্থিতি লক্ষ্য করা যায়। এই প্রকল্পে কাজের সুযোগে সেই রকম একটি অঞ্চলেই যাতায়াত করে সমীক্ষাটি চালানো হয়েছে ও তার ফল লিপিবদ্ধ করা হয়েছে।

[এই অংশে মনে করলে, আরো নির্দিষ্ট কিছু দূষণ বা দূষিত অঞ্চল সম্পর্কিত তথ্য দেওয়া যেতে পারে।]

অঞ্চলের বিবরণ :

ভৌগোলিক অবস্থান : ওয়ার্ড নাম্বার / গ্রামের নাম ও ব্লকের নাম / জেলা / রাজ্য ইত্যাদির উল্লেখ করতে হবে। পারলে অক্ষাংশ ও দ্রাঘিমাংশ দেওয়া যেতে পারে।

সাধারণ পরিবেশগত অবস্থা : - বাড়ী ঘরের প্রকার, জনঘনত্ব, ফাঁকা জমির পরিমাণ (আন্দাজ করে), গাছপালা কি প্রকারের ও কত পরিমাণে আছে, বায়ু দূষণ আছে কিনা, সাধারণ ভাবে দূষনের উৎস [কলকারখানা ও যানবাহনের পরিস্থিতি, কোনো বর্জ্য ফেলার জায়গা আছে কিনা], পতিত জমি আছে কিনা, পয়োঃপ্রণালীর বর্তমান পরিস্থিতি।

আর্থসামাজিক অবস্থা : - ধর্ম ও জাতি সংক্রান্ত তথ্য, শিক্ষার হার, প্রধান প্রধান জীবিকা, মাথাপিছু বা পরিবার পিছু গড় মাসিক আয়, বর্তমানে আয়ের পরিবর্তনের চরিত্র।

গবেষণা বা প্রকল্প রূপায়নের পদ্ধতি :

১। দূষিত অঞ্চলটি কি ভাবে বাছাই করা হল, অর্থাৎ কিসের ভিত্তিতে দূষিত অঞ্চলটি নির্দিষ্ট হয়েছে?

[নিচে একটি দূষিত পুকুর বেছে নেওয়ার পদ্ধতি সংক্ষেপে দেওয়া হল, নমুনাস্বরূপ।]

উপরোক্ত বাছাই করা অঞ্চলটিতে অনেকগুলি পুকুর আছে, যেগুলিতে নিয়মিত কাপড় কাচা, স্নান করা, বাসন মাজা ইত্যাদি হয়ে থাকে। আবার বেশ কয়েকটি ক্ষেত্রে মাছের চাষ হয়। বছরের পর বছর এই প্রকার কার্যাবলি চলা সত্যেও পুকুরগুলির প্রকৃতি পরিবর্তিত হয়নি। কিন্তু একটি বড় পুকুরের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে সেই পুকুরটি দিন দিন পচা পুকুরে পরিণত হচ্ছে এবং তার জল সাধারণ ব্যবহারের অযোগ্য হয়ে উঠেছে। আমার এই অভিজ্ঞতা পুকুরের কাছে বসবাসকারী মানুষজনের সাথেও মিলে গেছে। এরূপ বিবিধতা লক্ষ্য করেই, এই বিশেষ পুকুরটিকে বেছে নেওয়া হল।

২। কতদিন দূষিত অঞ্চলটিতে যাওয়া হয়েছে ও কি কি জিনিস বা কর্মকাণ্ড লক্ষ্য করা হয়েছে?

৩। স্থানীয় মানুষদের কাথা বলা হয়েছে। এই সাক্ষাতকার গুলিতে কোন কোন বিষয় প্রশ্ন করা হয়েছে? [সম্ভব হলে প্রশ্নাবলির একটি নিদর্শন প্রকল্পের সাথে জুড়ে দিলে ভালো হয়।]

গবেষণা লব্ধ ফলাফল :

[নিম্নে প্রদত্ত সারণীটি একটি নমুনা মাত্র, বিষয় ব্যতিরেকে প্যারামিটারের সংখ্যা বাড়তে বা কমতে পারে]

প্যারামিটার / লক্ষণীয় বস্তুসকল

অদূষিত অঞ্চল

দূষিত অঞ্চল

জলের রং / জমির রং

গন্ধ

নিয়মিত কার্যাবলী

ব্যবহার যোগ্যতা

পারিপার্শ্বিক অবস্থা

গাছপালা/পশুপাখীর উপস্থিতি

দূষনের উৎস

গত এক বছরে পরিবর্তনের প্রকার

কোনো বিশেষ তথ্য

আলোচনা : -

[এখানে দূষিত অঞ্চলটির তর্মান প্রেক্ষিত আলোচনা করা হলেও এই অংশে দূষনের কারণগুলির দিকে দিক নির্দেশ করতে হবে এবং কিভাবে এই দূষন বা ক্ষয় রোধ করা যায় তার কিছু দিক নির্দেশ থাকলে ভালো হয়]

কৃতজ্ঞতা প্রকাশ:

গ্রন্থপঞ্জী এবং তথ্যসূত্র পঞ্জী: